# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 18-10-2025** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশে অনুপ্রবেশ ঠেকাতে কেন্দ্রীয় সরকার সবরকমের প্রয়াস চালাচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ মন্তব্য করেছেন।

পশ্চিমবঙ্গে অনুপ্রবেশের সমস্যার সমাধানে, সরকার পরিবর্তনের আহ্বান জানিয়েছেন শ্রী শাহ্।

২) বিহারের মতো এরাজ্যেও সঠিকভাবে এস আই আর রূপায়িত হলে তৃণমূল কংগ্রেসের ক্ষমতা থেকে সরে যাওয়া সময়ের অপেক্ষা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

৩) গোর্খাদের নানাবিধ বিষয় নিয়ে আলোচনা চালাতে মধ্যস্থতাকারী নিয়োগের সিদ্ধান্তে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আপত্তি জানিয়েছেন।

৪) রাজ্যের পুরসভা ও পুর নিগমগুলিতে আর্থিক স্বচ্ছতা বজায় রাখতে কঠোর ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার।

৫) কালী পুজো উপলক্ষে যাত্রীদের সুবিধা দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামী সোম-মঙ্গল ও বুধবার রাতে শহরতলির বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন চালাবে।

৬) ১২৫-তম আই এফ এ শিল্ড প্রতিযোগিতায় মোহনবাগান সুপার জায়েন্ট এবং ইস্টবেঙ্গল মুখোমুখি। শেষ খবর পাওয়া পর্যন্ত দু-দলই একটি করে গোল করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে অনুপ্রবেশ ঠেকাতে কেন্দ্রীয় সরকার সবরকমের প্রয়াস চালাচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ মন্তব্য করেছেন। আজ একটি বেসরকারী টিভি চ্যানেলের অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী শাহ্ বলেন, পশ্চিমবঙ্গ এবং ঝাড়খন্ডে ভোট ব্যাঙ্কের জন্য বাংলাদেশী অনুপ্রবেশকারীদের স্বাগত জানানো হচ্ছে। পাশাপাশি ওই দুই রাজ্যে ভূ-প্রকৃতিগত কারণেও কাঁটা তারের বেড়া দেওয়া কিংবা ২৪ ঘণ্টা নজরদারি সম্ভব হয় না। এমন পরিস্থিতির সুযোগ নিয়ে, অনুপ্রবেশকারীরা ভারতে ঢুকে পড়ছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাদের সনাক্ত করার দায়িত্ব যে প্রশাসনের কাঁধে রয়েছে, তারা সেই দায়িত্ব সঠিকভাবে পালন করছেন না।

এছাড়াও অনেক ক্ষেত্রেই অনুপ্রবেশকারীদের ভূয়ো নথিপত্র তৈরি করে দেওয়ার কাজও রাজ্যগুলির শাসকদল করছে বলে অভিযোগ করেছেন শ্রী শাহ্। গুজরাট, রাজস্থান, অসমের মতো রাজ্যগুলিতে বিজেপি সরকার থাকার কারণে সেখানে অনুপ্রবেশ হয় না বলে মন্তব্য করেন তিনি।

পশ্চিমবঙ্গে অনুপ্রবেশ রোধে জনসাধারণের কাছে তৃণমূল কংগ্রেস সরকার পরিবর্তনের আর্জি জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

oooooooooooooooooooooooooooo

বিহারের মত এরাজ্যেও সঠিকভাবে এসআইআর রূপায়িত হলে তৃণমূল কংগ্রেসের ক্ষমতাচ্যুত হওয়া, সময়ের অপেক্ষা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। দক্ষিণ দমদমে দলীয় এক অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী মজুমদার বলেন, নাগরিকত্ব প্রদানের ব্যাপারে বিজেপি আদর্শগত ভাবে অঙ্গীকারবদ্ধ।

(বাইট – সুকান্ত)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আজ শ্রীরামপুরের বৈদ্যবাটিতে একটি কর্মীসভায় যোগ দেন।

oooooooooooooooooooooooooo

কংগ্রেস রাজ্যে এস আই আর নিয়ে ফের সর্বদলীয় বৈঠকের দাবি তুলেছে। আজ কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে সর্ব ভারতীয় কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক গোলাম হামেদ মীর বলেন এস আই আর নিয়ে স্বীকৃত রাজনৈতিক দলগুলির মতামত গ্রহণের বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যে এস আই আর হলে কত অবৈধ ভোটারের নাম বাদ যাবে, এবিষয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কিভাবে মন্তব্য করেন, তা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি।

oooooooooooooooooooo

প্রতিবেশী বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এমাসের শেষে, বিহার, ঝাড়খন্ড, পশ্চিমবঙ্গ এবং উত্তরপ্রদেশ প্রশাসনের সঙ্গে বৈঠকে বসবে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আগামী ৩০ অক্টোবর এই চার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বা CEO-দের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন। এছাড়াও থাকবেন সব রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব,

রাজ্য পুলিশের ডিজি, সেন্ট্রাল এক্সসাইজ বিভাগ সহ অন্য শুল্ক দপ্তরের আধিকারিকরা ।

ভোটের সময় প্রতিবেশী রাজ্য থেকে কেউ যাতে টাকা, মদ এবং আগ্নেয়াস্ত্র নিয়ে বিহারে প্রবেশ করতে না পারে তা নিয়েই এই বৈঠক বলে কমিশন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার গোবরডাঙার পায়রাগাছি এলাকায় বাংলাদেশের নাগরিক একটি পরিবার অবৈধভাবে বসবাস করছে বলে অভিযোগ উঠেছে। পেশায় চিকিৎসক গৌতম ঢালী ও তার পরিবার বাংলাদেশের সাতক্ষিরার বাসিন্দা বলে জানা গেছে। অথচ তাদের কাছে এদেশের ভোটার কার্ড এবং আধার কার্ডও রয়েছে। বছর দশেক আগে ঢালী পরিবার বাংলাদেশ থেকে রাজ্যে আসে বলে জানা গেছে। পুলিশ ইতিমধ্যেই খোঁজখবর শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গোর্খাদের নানাবিধ বিষয়ে নিয়ে আলোচনা এগিয়ে নিয়ে যেতে মধ্যস্থতাকারী নিয়োগের সিদ্ধান্তের প্রতিবাদ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে বিষয়টি নিয়ে চিঠি লিখেছেন তিনি। এই বিষয়ে তীব্র আপত্তি জানিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রীর অভিযোগ, এত গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে কোনওরকম আলোচনা ছাড়াই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান, এই বিষয়টি অত্যন্ত সংবেদনশীল। এ বিষয়ে কোনও একতরফা পদক্ষেপ নিলে পাহাড়ের শান্তি ও স্থিতিশীলতা নষ্ট হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পণ্য পরিষেবা করের নতুন হারে কমেছে বেশকিছু ইলেকট্রনিক্স জিনিসের দাম। উৎসবের মরশুমে বেড়েছে কেনাকাটা। প্রাক্তন সেনা কর্মী বিশ্বনাথ মন্ডল জানালেন নতুন টিভি কিনতে গিয়ে তিনি অনেকটাই লাভবান হয়েছেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পুরসভা ও পুর নিগমগুলিতে আর্থিক স্বচ্ছতা বজায় রাখতে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। পুর ও নগরোন্নয়ন দফতরের আগাম অনুমোদন ছাড়া ৪৫ লক্ষ টাকার বেশি মূল্যের কোন কাজের ওয়ার্ক অর্ডার জারি না করার জন্য রাজ্যের সমস্ত পুরসভা এবং নোটিফায়েড এরিয়া কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

এর মধ্যে যদি কোন পুরসভা কাজের নির্দেশ জারি করে থাকে, তার পোস্ট ফ্যাক্টো অ্যাপ্রুভাল দেওয়া হবে না বলেও স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কালী পুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামী সোম, মঙ্গল ও বুধবার রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দেবে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হবে সেগুলি হল শিয়ালদা - ডানকুনি, শিয়ালদা - বারাসাত, বনগাঁ - বারাসাত, শিয়ালদা - রানাঘাট, এবং শিয়ালদা - বারুই পুরের মধ্যে এই পরিষেবা পাওয়া যাবে।

এর পাশাপাশি রাজ্য সরকারের অনুরোধে আগামী ২০ থেকে ২৪শে অক্টোবর নৈহাটি স্টেশনের ১ নম্বর প্লাটফর্মে দুপুর ১ টা থেকে রাত ১২ টা পর্যন্ত কোন ট্রেন চলাচল করবে না। সংশ্লিষ্ট ট্রেনগুলি এর পরিবর্তে ৫ ও ৬ নম্বর প্ল্যাটফর্ম থেকে চলাচল করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভক্তদের দর্শনের সুবিধার্থে কলকাতা মেট্রো রেল আগামী সোমবার কালীপুজোর দিন রাতে ব্লু লাইন সেকশনে আপ ও ডাউন অভিমুখে বর্ধিত বিশেষ পরিষেবা দেবে। ওই দিন ব্লু লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের শেষ পরিষেবা রাত ৯ টা ২৮ মিনিটের পরিবর্তে রাত দশটা ৫১মিনিটে এবং শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বরের শেষ পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে রাত ১১ টায় পাওয়া যাবে। তবে ওই দিন ব্লু লাইনে মোট ২৭২ টি পরিষেবার পরিবর্তে সব মিলিয়ে ৭২ টি আপ ও ৭২ টি ডাউন সহ মোট ১৪৪ টি পরিষেবা দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ধনতেরস। সমৃদ্ধির প্রতীক এই ধনতেরস বা ধন-ত্রয়োদশী কেন্দ্র করে সোনার দোকানগুলি'ও সেজে উঠেছে। দেওয়া হচ্ছে বিভিন্ন অফার'ও। তবে সোনার দাম বেশি হওয়ায় অনেকেই স্বর্ণালংকারের পরিবর্তে বাসন বা ধাতব সামগ্রী কিনে ধনতেরাস উদযাপন করছেন। এই উপলক্ষে অনেক গৃহস্থর বাড়িতে ধন-সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষী ও দেবতা কুবেরের পুজোর আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের মরশুমে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে, ধর্মতলায় কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ আজ সকালে একটি গাড়ি থেকে প্রায় ৬-শো কেজি নিষিদ্ধ শব্দ বাজি উদ্ধার করেছে। তিনজনকে আটক করেছে পুলিশ।

এদিকে খড়গপুর জিআরপি অভিযান চালিয়ে স্টেশন চত্বর থেকে বিপুল পরিমাণে নিষিদ্ধ আতশবাজি উদ্ধার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, নির্দিষ্ট খবরের ভিত্তিতে গভীর রাতে খড়গপুর স্টেশন চত্বরে অভিযান চালানো হয়। এক ব্যক্তির ব্যাগ থেকে প্রায় ১০২ প্যাকেট নিষিদ্ধ আতশবাজি উদ্ধার করা হয়েছে। অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে।

oooooooooooooooooooooooooo

বঙ্গভঙ্গ আন্দোলনের অচ্ছেদ্য মিলনের প্রতীক ফেডারেশন হলের ১২১ তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে ‘কলকাতা কথকতা’র সহযোগিতায় দু’দিন ব্যাপী প্রদর্শনী আজ শেষ হয়েছে। বিষয় ছিল ব্রিটিশ শাসনকাল থেকে স্বদেশী। সেই সময়ের স্বদেশী পণ্য, বিভিন্ন সংবাদমাধ্যম, জাতীয় পতাকার ইতিহাস, ক্যামেরার বিবর্তন প্রভৃতি প্রদর্শিত হয় । প্রদর্শনীর উদ্বোধন করেন রামকৃষ্ণ মিশন ইন্সটিটিউট অফ কালচারের সম্পাদক স্বামী সুপর্ণানন্দ মহারাজ। উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি চিত্ততোষ মুখোপাধ্যায়, প্রাক্তন সাংসদ জহর সরকার, সাংবাদিক শিশির রায় প্রমুখ।

oooooooooooooooooooooo

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজ ও আগামীকাল উপকূলের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা। তবে, রাজ্যজুড়ে শুষ্ক আবহাওয়া থাকবে বলেই জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায়। আজ হাওড়ার উলুবেড়িয়াতে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ দশমিক ৬ ডিগ্রি কম। অন্যদিকে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে সর্বনিম্ন তাপমাত্রা ছিল কুড়ি ডিগ্রি সেলসিয়াস।

ooooooooooooooooooooooo

যুবভারতী ক্রীড়াঙ্গনে ১২৫ তম আই এফ এ শিল্ড ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট, ইস্টবেঙ্গলের মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে খেলার ফল ১-১

ম্যাচের ৩৪ মিনিটে পেনাল্টি মিস করেন মোহনবাগানের জেসন কামিন্স।

৩৬ মিনিটে হামিদ আহাদাদের দেওয়া গোলে ইস্টবেঙ্গল ১-০ গোলে এগিয়ে যায়। বিরতির ঠিক আগে আপুইয়া লালতের দেওয়া গোলে মোহনবাগান সমতা ফেরায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০